

তারিখ: ১১-১০-২০২৫খ্রি.

স্মারক নং- স্বা: অধি./বাজেট/বাজেট/নিয়মিত পৌর-ভূমিকর/২০২৪-২৫/১৬৮

বিজ্ঞপ্তি

বিষয়: স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর অধিক্ষেত্রে আওতাভুক্ত সকল সরকারি হাসপাতাল ও স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠানের নিয়মিত পৌরকর ও ভূমি পরিশোধ প্রসংগে।


- সূত্র : (১) স্বা.অধি./অর্থ শাখা(বাজেট)/পৌরকর/২০২৪-২৫/৮৫০৬ তারিখ ১২-০৮-২০২৫খ্রি.
(২) স্বা.অধি./অর্থ শাখা(বাজেট)/পৌরকর/২০২৪-২৫/৮৩৩৫ তারিখ ১৩-০১-২০২৫খ্রি.
(৩) স্বা.অধি./অর্থ শাখা(বাজেট)/ভূমি উন্নয়ন কর/২০২৪-২৫/৮২৯১ তারিখ ২১-১১-২০২৪খ্রি.
(৪) স্বা.অধি./অর্থ শাখা(বাজেট)/ভূমি উন্নয়ন কর/২০২৪-২৫/৮৩৮৫ তারিখ ০৬-০৪-২০২৫খ্রি.
(৫) স্মারক নং স্বা:অধি./অর্থ শাখা/বাজেট/পৌর-ভূমিকর/২০২৪-২৫/৮৫৮৮, তারিখঃ ০২/১১/২০২৫খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের আলোকে স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তরের অধিক্ষেত্রে অন্তর্গত সংশ্লিষ্ট সকল সরকারি হাসপাতাল/ স্বাস্থ্য সেবা প্রতিষ্ঠান প্রধান/ডিডিও গণের অবগতির ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নিমিত্তে জানানো যাচ্ছে যে, চলমান ২০২৬-২৭ অর্থবছরের জন্য ধার্যকৃত পৌরকর ও ভূমি উন্নয়ন কর পরিশোধ করত: হাল-নাগাদ করণের লক্ষ্যে স্থানীয় সরকার মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার প্রজ্ঞাপন এসআরও নং- ৫৮-আইন/২০১৩ স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৮৫নং আইন) এর সেকশন-৩০ ও সাব সেকশন- ২ “যে সকল ইমারত শুধুমাত্র জনহিতকর কার্যে ব্যবহৃত হয়, পৌরসভা সেই সকল ইমারতকে আংশিক বা সম্পূর্ণভাবে কর হইতে অব্যাহতি দিতে পারিবে” মর্মে এ ক্ষেত্রে উক্ত পৌরকর অব্যাহতির সুযোগ আছে বিধায় সংশ্লিষ্ট আইন/বিধির আওতায় ইতোমধ্যে ধার্যকৃত পৌরকর আংশিক বা সম্পূর্ণভাবে পরিহারের পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে বিষয়টি একাধিকবার স্থানীয় হাসপাতাল কর্তৃপক্ষসহ সংশ্লিষ্টগণকে নিয়মিত পৌরকর পরিশোধের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য অবহিত করা হয় (কপিসমূহ সংযুক্ত)।

একই সাথে সংশ্লিষ্ট হাসপাতাল/স্বাস্থ্য প্রতিষ্ঠানের ভূমি উন্নয়ন কর পরিশোধ করে হাল-নাগাদ করবেন মর্মে জরুরী নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, চলমান ২০২৬-২৭ অর্থবছরের জন্য এরূপ ধার্যকৃত পৌরকর পরিশোধের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে স্থানীয় হাসপাতাল কর্তৃপক্ষ স্থানীয় সরকার বিভাগের স্থানীয় কর্তৃপক্ষের সাথে সমঝোতার ভিত্তিতে সামঞ্জস্যপূর্ণ পৌরকর ও ভূমিকর পরিশোধের বিষয়টি গুরুত্ব বিবেচনায় নিয়ে পৌরকর ও ভূমি উন্নয়ন কর পরিশোধের পদক্ষেপ গ্রহণ করবেন। অন্যথায়, এরূপ যথাযথ কার্যকরী পদক্ষেপ গ্রহণ না করার ফলে বকেয়া তৈরি হলে, উহা পরিশোধের দায়ভার সম্পূর্ণভাবে স্থানীয় হাসপাতাল কর্তৃপক্ষের উপর বর্তাবে।

ইহা মহাপরিচালক মহোদয়, স্বাস্থ্য অধিদপ্তরের অনুমোদনক্রমে প্রেরণ করা হলো।


11.10.25

ডা. মোহাম্মদ রুবাইয়াত বিন করিম
উপপরিচালক (অর্থ)

ফোন: ০২ ২২২ ২৯৮ ৭৮০

ই-মেইল: directorfinance@ld.dghs.gov.bd

বিররণ:

- ১) পরিচালক/ তত্ত্বাবধায়ক, মেডিকেল কলেজ হাসপাতাল/বিশেষায়িত পোস্টগ্রাজুয়েট ইনস্টিটিউট হাসপাতাল/ জেনারেল হাসপাতাল/জেলা হাসপাতাল/অন্যান্য হাসপাতাল (সংশ্লিষ্ট সকল)।
- ২) সিভিল সার্জন (সকল)। - তার আওতাধীন সকল হাসপাতাল।
- ৩) উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)।

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণ- সচিব মহোদয়ের একান্ত সচিব।
- ২) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: সহকারী পরিচালক (সমন্বয়)।
- ৩) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন)/(পরিকল্পনা ও উন্নয়ন), স্বাস্থ্য অধিদপ্তর, ঢাকা।
- ৪) যুগ্ম-সচিব (বাজেট অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫) পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। বিজ্ঞপ্তিটি ওয়্যাব সাইটে প্রকাশের অনুরোধসহ।
- ৬) পরিচালক (স্বাস্থ্য), বিভাগীয় পরিচালকের কার্যালয় (সকল বিভাগ)।